Amit Kundu 16/04/19

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 1st Term Examination (Question-cum-Model Answer)

Sub: BENGALI TEXT Class: 8A/8B/8C/8D F. M. 80

Duration: 2 HOURS 30 MINUTES Date: 09.04.2019

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে লেখো ঃ- (১x৫=৫)

১.১ 'মহর্ষি আশ্রমে নাই, তাহাতে কোনো ক্ষতি নাই' - বক্তা হলেন —

(গ) রাজা দুষ্মন্ত

১.২ 'তবে পাত্রমিত্রদের খবর দিই? বক্তা হলেন —

(ঘ) মন্ত্রী

১.৩ পৃথিবীর 'তম' দূর করে কারা?

(ঘ) দিবাকর, নিশাকর, দীপ্ত তারাগণ

১.৪ 'সেই জানে কত গুণ ধরে কত মতে গিরীশ' — 'গিরীশ' শব্দের অর্থ হল —

(ক) হিমালয়

১.৫ 'যেন বাদল শেষের রাত্তির।' কোন্ কন্যা সম্পর্কে এই উক্তি?

(ঘ) কাঠকুড়ানি মেয়ে

২। শূণ্যস্থান পূরণ কর ঃ- (১x৫=৫)

২.১ দশ দিক শুন্য দেখি সীতা অদর্শনে।

২.২ কিন্তু ভাগ্যবলে পেয়ে সে মহাপর্বতে।

৩। একটি-দুটি শব্দে উত্তর দাও ঃ- (১x৫=৫)

৩.১ কোন নদীর তীরে মহর্ষি কণ্বের আশ্রম ছিল?

উঃ মালিনী।

৩.২ 'নীবার' শব্দের অর্থ কি?

উঃ উড়িধান / তৃণধান।

৩.৩ কোন্ দেশের রাজা দেশে বিদেশে রাণী খুঁজতে বেরিয়েছিলেন?

উঃ বিজয়পত্তন।

৩.৪ মহর্ষি কণ্ব কোথায় প্রস্থান করেছিলেন?

উঃ সোমতীর্থে

৩.৫ 'সৌদামিনী' শব্দের অর্থ কি?

উঃ বিদ্যুৎ

## বিভাগ - খ

৪। **প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ-** (২x৫=১০)

৪.১ 'সেই দেশ জ্বালানো অস্ত্রের সন্ধানে চললেম।' বক্তা কে? দেশ-জ্বালানো অস্ত্রের নাম কি? (১+১)

উঃ সন্ন্যাসীরূপী রাজা। সহস্ত্রঘ্নী অস্ত্র।

৪.২ 'যে জন আশ্রয় লয় সুবর্ণ চরণে' - কারা কোথায় আশ্রয় নেয়? (১+১)

উঃ হিমালয়ের পাদদেশে থাকা প্রাণীকূল। হিমালয়ের বুকে আশ্রয় নেয়।

৪.৩ 'কী করিব কোথা যাব, অনুজ লক্ষ্মণ।' 'অনুজ' শব্দের অর্থ কি? বক্তা কোন্ প্রসঙ্গে একথা বলেছেন? (১+১)

উঃ 'অনুজ' শব্দের অর্থ ছোটো ভাই। সীতাকে দেখতে না পেয়ে রামচন্দ্র লক্ষ্মণকে একথা বলেছেন।

৪.৪ 'ব্রাহ্মণের আশীর্বাদ শিরোধার্য করিলাম।' — কে একথা বলেছেন? ব্রাহ্মণ কি আশীর্বাদ করেছিলেন? (১+১)

উঃ রাজা দুষ্মন্ত। রাজার বংশ বিনয়ী এবং সৌজন্যপূর্ণ। তাঁর একটি পুত্র সন্তান জন্মাবে যে পরবর্তীকালে সসাগরা পৃথিবীর অধীশ্বর হবে।

৪.৫ 'তুমি দেবতার আশীর্বাদ পাবে।' বক্তা কাকে একথা বলেছেন? কেন বলেছেন? (১+১)

উঃ বিজয়পত্তনের রাজা কাঠকুড়ানি মেয়েকে এই কথা বলেছেন। মেয়েটি তার পিতার জন্য তৈরি করা রান্না রাজাকে দিতে চাইল, কিন্তু রাজা বনের ফলমূলই খেতে চাইলেন। মেয়েটির আতিথেয়তায় মুগ্ধ রাজা মেয়েটিকে একথা বলেন।

৫। **প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (যে কোনো পাঁচটি)** (৩x৫=১৫)

৫.১ 'কৈকেয়ীর মনোভীষ্ট সিদ্ধ এতদিনে।' কৈকেয়ী কে? কৈকেয়ীর কি মনোভীষ্ট ছিল? (১+২)

উঃ কৈকেয়ী ছিলেন ভরতের মাতা এবং রামচন্দ্রের বিমাতা। কৈকেয়ী চেয়েছিলেন রামচন্দ্র রাজা না হয়ে তার ছেলে ভরত যেন অযোধ্যার রাজা হয় এবং সেইজন্য কৌশলে রাজা দশরথের কাছ থেকে বর চেয়ে নিয়ে রামচন্দ্রকে চোদ্দ বছরের জন্য বনবাসে পাঠিয়েছিলেন।

৫.২ 'তারা না হরিতে পারে তিমির আমার।' 'তিমির' শব্দের অর্থ কি? বক্তা কোন্ প্রসঙ্গে একথা বলেছেন? (১+২)

উঃ অন্ধকার। সীতা অদর্শনে রামচন্দ্রের মনে যে অন্ধকার জেগেছে তাকে দূর করার ক্ষমতা সূর্য, চন্দ্র ও তারাদেরও নেই।

৫.৩ বাবা পিনাকীশ্বর কে? তিনি কোথা থেকে কত বছরের তপস্যা শেষ করে এলেন? (১+২)

উঃ একজন সিদ্ধপুরুষ, সন্ন্যাসী। হিমালয়ের গুহা থেকে দীর্ঘ একশো পঁচিশ বছরের তপস্যা শেষ করে যিনি লোকালয়ে নেমে এসেছেন।

৫.৪ রাজা কার সং সাজলেন? রাজার সেই সং-এর বর্ণনা দাও। (১+২)

উঃ সন্ন্যাসীর সঙ। মাথায় লাগালেন জটা, পরলেন কপনি, গায়ে মাখলেন ছাই, কপালে আঁকলেন তিলক, আর হাতে নিলেন কমন্ডলু আর বেল কাঠের দন্ড।

৫.৫ 'দীন যে, দীনের বন্ধু।' 'দীন' কথার অর্থ কি? উদ্দিষ্ট ব্যক্তিকে 'দীনের বন্ধু' বলার অর্থ কি? (১+২)

উঃ দরিদ্র। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর দীন, দরিদ্র, নিরন্ন অসহায় মানুষদের আশ্রয়দাতা ছিলেন। তাদের তিনি নিজের কাছে রেখে সমাজের সেবা করতেন, তাই তাঁকে 'দীনের বন্ধু' বলা হয়েছে।

৫.৬ 'হেমাদ্রির হেমকান্তি অম্লান কিরণে।' — 'হেমাদ্রি' কি? উদ্ধৃত অর্থ বুঝিয়ে লেখো। (১+২)

উঃ হিমালয় পর্বত। সূর্যের অম্লান কিরণ হিমালয়ের বুকে এমনভাবে পড়ে যে তার উজ্জ্বলতা হিমালয়ের রূপকে স্বর্ণাভ করে তোলে। বিদ্যাসাগরের ব্যক্তিত্বের উজ্জ্বলতাও হিমালয়ের মতো।

৫.৭ 'সীতা বিনা আমি যেন মণিহারা ফণী' — সীতার পিতার নাম কি? বক্তা কেন নিজেকে 'মণিহারা ফণী' বলেছেন? (১+২)

উঃ জনক রাজা। সাপের মাথায় নাকি মণি থাকে প্রচলিত প্রবাদ অনুযায়ী। মণি ছাড়া সাপ যেমন নির্জীব, তেমনি সীতাও রামের কাছে মণিস্বরূপ, তাঁকে হারিয়ে রামের 'মণি হারা ফণী'র অবস্থা।

## বিভাগ - গ

৬। **প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ- (যে কোনো আটটি)** **(৫x৮=৪০)**

১. রাজার সঙ্গে কাঠকুড়ানি মেয়ের কিভাবে সাক্ষাৎ ঘটেছিল সেই বিষয়টি সংক্ষেপে লেখো। (৫)

উঃ 'সাহিত্য পরিচয়' গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৫-৬) দ্রষ্টব্য।

২. 'রামচন্দ্রের বিলাপ' কবিতা অবলম্বনে সীতার অন্তর্ধান সম্পর্কে রামচন্দ্রের অনুমানগুলো বিবৃত করো। (৫)

উঃ 'সাহিত্য মুকুল' গ্রন্থের পৃষ্ঠা (৯৬-৯৭) দ্রষ্টব্য।

৩. কবি মধুসূদন দত্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে কিভাবে 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' কবিতায় বর্ণনা করেছেন তা সংক্ষেপে লেখো। (৫)

উঃ 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' কবিতার পৃষ্ঠা সংখ্যা ১১২ দ্রষ্টব্য।

৪. 'তথাপি তপোবন বলিয়া বোধ হইতেছে।' কি কি কারণে স্থানটি তপোবন বলে মনে হচ্ছিল তা সংক্ষেপে লেখো। (৫)

উঃ 'সাহিত্য মুকুল' গ্রন্থের 'তপোবনে দুষ্মন্ত' গল্পের পৃষ্ঠা সংখ্যা (৬-৭) দ্রষ্টব্য।

৫. কলিঙ্গদেশের রাজকন্যার সঙ্গে রাজার সাক্ষাৎ প্রসঙ্গটি নিজের ভাষায় লেখো। (৫)

উঃ 'সাহিত্য পরিচয়' গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৪-৫) দ্রষ্টব্য।

৬. 'তপোবনে দুষ্মন্ত' গল্প অবলম্বনে মহারাজা দুষ্মন্তের চরিত্র বৈশিষ্ট্য আলোচনা কর। (৫)

উঃ 'সাহিত্য মুকুল' গ্রন্থের পৃষ্ঠা সংখ্যা (৫-৭) দ্রষ্টব্য।

৭. টীকা লেখো ঃ (১) মহর্ষি কন্ব (২) শকুন্তলা (২$^{১}$/$_{২}$+২$^{১}$/$_{২}$)

উঃ 'তপোবনে দুষ্মন্ত' গল্পের অনুশীলনীর পৃষ্ঠা সংখ্যা (৮) দ্রষ্টব্য।

৮. 'চিরদিন পিপাসিত করিয়া প্রয়াস। চন্দ্রকলা ভ্রমে রাহু করিল কি গ্রাস।' উদ্ধৃত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। (৫)

উঃ 'রামচন্দ্রের বিলাপ' কবিতায় দৈত্য রাহু যেন 'চন্দ্রকলা' মনে করে সীতাকে গ্রাস করেছে বলে রামচন্দ্র মনে করছেন। এই প্রসঙ্গে রাহু-কেতুর পৌরাণিক প্রসঙ্গটি উল্লেখ করতে হবে।

৯. মাইকেল মধুসূদন দত্ত রচিত 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' কবিতাটির প্রথম দশ লাইন মুখস্থ লেখো। (৫)

উঃ 'ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর' কবিতার প্রথম দশ লাইন স্মৃতি থেকে ছেদ ও যতি চিহ্ন সহ লিখতে হবে।

১০. কিভাবে কাঠকুড়ানি মেয়ের সঙ্গে রাজার বিয়ে হল তা 'রাজারাণী' গল্প অনুসরণে লেখো। (৫)

উঃ 'সাহিত্য পরিচয়' গ্রন্থের 'রাজরাণী' গল্পের পৃষ্ঠা সংখ্যা (৫-৬) দ্রষ্টব্য।

***************